



এভারকেয়ারে চিকিৎসাধীন হাদির খোঁজ নিলেন জুবাইদা রহমান



সংগৃহীত ছবি

ইনকিলাব মঞ্চের মুখপাত্র ও গুলিবদ্ধ ঢাকা-৮ আসনের সম্ভাব্য স্বতন্ত্র প্রার্থী শরিফ ওসমান হাদির শারীরিক অবস্থার খবর নিয়েছেন বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমানের সহধর্মিণী ডা. জুবাইদা রহমান। শুক্রবার সন্ধ্যায় তিনি এভারকেয়ার হাসপাতালে ভর্তি হাদির সার্বিক চিকিৎসা ও বর্তমান অবস্থার সম্পর্কে চিকিৎসকদের সঙ্গে কথা বলেন।

এভারকেয়ারে উন্নত চিকিৎসা নিচ্ছেন হাদি। তার সর্বশেষ অবস্থা সম্পর্কে ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালের জরুরি বিভাগের আবাসিক চিকিৎসক ডা. মোস্তাক আহমেদ জানান, হাদির ডান দিক দিয়ে গুলি ঢুকে বাম কানের পাশ দিয়ে বের হয়ে গেছে। ধারণা করা হচ্ছে, গুলির কিছু অংশ ব্রেনে থেকে যেতে পারে, যা চিকিৎসকদের জন্য উদ্বেগের বিষয়। এর আগে শুক্রবার দুপুরে রাজধানীর বিজয়নগর এলাকায় মোটরসাইকেলযোগে আসা দুই দুর্বৃত্তের গুলিতে আহত হন ওসমান হাদি। ঘটনাস্থল থেকে উদ্ধার করে প্রথমে তাকে ঢামেকে নেওয়া হয়। সিআইডি কর্মকর্তারা জানিয়েছেন, হামলায় ৭.৬৫ ক্যালিবরের গুলি ব্যবহার করা হয়েছে। হাদির কর্মী ও সমর্থকদের দাবি, হামলাকারী দুই যুবক দিনভর মতিঝিল এলাকায় হাদির গণসংযোগ কর্মসূচির সঙ্গে যোরাফেরা করছিল।